


W.B. HUMAN RIGHTS
COMMISSION
KOLKATA-27


File No. 130/WBHRC/SMC/2018


Date: 10.10.2018

Enclosed is the news clipping appeared in the 'Ananda Bazar Patrika,' a Bengali daily dated 10.10.2018, the news item is captioned 'মেট্রোয় যৌন হেনস্থা, গ্রেফতার দশ'.

Deputy Commissioner of Police, South Suburban Division is directed to enquire into the matter and to furnish a report by 16th November, 2018.


(Justice Girish Chandra Gupta)
Chairperson


(Naparajit Mukherjee)
Member


(M.S. Dwivedy)
Member

মেট্রোয় 'যৌন হেনস্থা', গ্রেফতার দশ

নিজস্ব সংবাদদাতা

যাত্রীঠাসা মেট্রোর কামরার মধ্যে এক তরুণীর সঙ্গে অশালীন আচরণের অভিযোগ উঠল দশ যুবকের বিরুদ্ধে। মঙ্গলবার ওই ঘটনার প্রতিবাদ করেন সংশ্লিষ্ট যাত্রী। অভিযোগ, তরুণীকে ঘিরে ধরে ব্যাগ নিয়ে টানাটানি ছাড়াও কটুক্তি করে অভিযুক্ত যুবকেরা। পরে তরুণীর লিখিত অভিযোগে রিজেন্ট পার্ক থানার পুলিশ অভিযুক্তদের গ্রেফতার করে।

ঘটনার সূত্রপাত এ দিন বিকেলে। কোল্লগরের বাসিন্দা ফ্যাশন ডিজাইনিংয়ের ছাত্রী, বছর পাঁচিশের ওই তরুণী বিকেল ৪টে নাগাদ এসপ্লানড স্টেশন থেকে নিউ গড়িয়াগামী একটি

এসি মেট্রোর সামনের কামরায় ওঠেন। একই স্টেশন থেকে ওই কামরায় ওঠে জনা দশেক যুবকের একটি দল। মেট্রো সূত্রের খবর, তারা ধর্মতলায় পূজোর কেনাকাটা করতে এসেছিল। এরা প্রত্যেকেই কুড়ির কোঠায়। অভিযোগ, কামরায় ওঠার সময়ই ওই যুবকেরা অভিযোগকারিণী তরুণীর সঙ্গে ধাক্কাধাক্কি করে। অভিযোগকারিণী তাদের সোজা হয়ে দাঁড়াতে বললে অভিযুক্তেরা পাল্টা অভব্য আচরণ শুরু করে। ভিড়ের মধ্যে তরুণীকে ঘিরে ধরে ধাক্কা দেওয়া হয় বলে অভিযোগ। এ দিন অভিযোগকারিণী বলেন, “ভিড়ের মধ্যে থেকে ইচ্ছাকৃত ভাবে ধাক্কা দেওয়ার পরে এক জন বলল, মেট্রোয় অনেক কিছু হতে

পারে। এ সব নিয়েই চলতে হবে।” অভিযোগ আরও, তরুণীকে উদ্দেশ্য করে চলন্ত মেট্রোর মধ্যেই অভিযুক্ত যুবকেরা এক নাগাড়ে কটুক্তি করতে থাকে। তরুণীর দাবি, তিনি এ নিয়ে প্রতিবাদ করলেও কামরায় থাকা সহযাত্রীরা কেউই তাকে সাহায্য করতে এগিয়ে আসেননি বলে অভিযোগ। ওই মহিলা জানান, লাঠি হাতে থাকা এক ষাটোর্ধ্ব ব্যক্তি তাঁর অবস্থা দেখে নিজের বসার আসনটি ছেড়ে দেন। কিন্তু তাতেও যুবকদের ‘দৌরাশ্বা’ থামেনি বলে তাঁর অভিযোগ। এক যুবক কামরার মধ্যেই তাঁর ব্যাগ ধরে টানাটানির চেষ্টা করলে তরুণী বাধা দিতে তাকে চড় মারেন।

এর পরে ওই তরুণী অভিযোগ

জানাতে টালিগঞ্জে নেমে পড়লে অভিযুক্তেরাও তাঁকে ধাওয়া করে নেমে পড়ে। প্ল্যাটফর্মের মধ্যে তরুণীর সঙ্গে তর্কাতর্কি চলার সময় বিষয়টি কর্তব্যরত আরপিএফ কর্মীদের নজরে আসে। তাঁরা তরুণীকে জিজ্ঞাসা করে ঘটনার কথা জানতে পেরে অভিযুক্তদের নিয়ে স্টেশন সুপারের ঘরে নিয়ে যান। সেখানে ওই তরুণী লিখিত অভিযোগ জানান। অভিযুক্তদের আটকে রেখে রিজেন্ট পার্ক থানায় খবর দেওয়া হয়। কিছু ক্ষণের মধ্যে পুলিশ এসে তরুণী-সহ দশ যুবককেই থানায় নিয়ে যায়। সেখানে তরুণী ফের অভিযোগ দায়ের করেন। সেই অভিযোগের ভিত্তিতে পুলিশ দশ যুবককে গ্রেফতার করে।